7 FEB 2017

# নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে সিভিল ফেস্ট ২০১৭

নিজস্ব প্রতিবেদক ▷

বেসরকারি নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে গতকাল সোমবার থেকে শুরু হয়েছে দুই দিনব্যাপী সিভিল ফেস্ট ২০১৭। বিশ্ববিদ্যালয়ের সিভিল অ্যান্ড এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং (সিইই) বিভাগের এ আয়োজনের মধ্যে রয়েছে সিভিল ইঞ্জিনিয়ারিং স্টুডেন্ট কনফারেন্স, সিএডি প্রতিযোগিতা, পোস্টার ও প্রজেক্ট উপস্থাপন, পেপার ব্রিজ প্রদর্শন, টেকনিক্যাল সেমিনার এবং স্কুল ও কলেজ শিক্ষার্থীদের জন্য বিজ্ঞান অলিম্পিয়াডসহ সাংস্কৃতিক অনুষ্ঠান।

ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হক গতকাল সকালে উৎসবের উদ্বোধন করেন। তিনি বলেন, অপরিকল্পিত নগরীর নানা সমস্যা আজ উন্নয়নের অন্যতম প্রতিবন্ধকতা। ভবিষ্যৎ সিভিল ইঞ্জিনিয়ারদের ঢাকা শহরের উন্নয়নে ব্যাপক কাজ করতে হবে। নর্থ সাউথ দেশের অন্যতম বেসরকারি বিশ্ববিদ্যালয়। এখান থেকে যেসব ইঞ্জিনিয়ার বের হবে তারাও রাজধানীর উন্নয়নে ভূমিকা রাখবে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আতিকুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে এনএসইউয়ের বোর্ড অব ট্রাস্টির চেয়ারম্যান আজিম উদ্দিন আহমেদ, বিশেষ অতিথি বোর্ড অব ট্রাস্টির সদস্য বেনজির আহমেদ, মোহাম্মদ শাহজাহান, ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন বাংলাদেশের সভাপতি মো. কবির আহমেদ ভূঁইয়া প্রমুখ বক্তব্য দেন। এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন সিভিল অ্যান্ড এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান জাবেদ বারি, স্কুল অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ফিজিক্যাল সায়েন্সের ডিন মো. সিরাজুল ইসলাম, পদ্মা সেতু প্রকল্পের প্রধান সমন্বয়ক মেজর জেনারেল আবু সাঈদ মো. মাসুদ প্রমুখ।